# বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

## "পরমাণু ভবন"

ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.baec.gov.bd, Phone No-8181846, Fax : 88-02-8181842


নং-৩৯.০১.০০০০.২১৯.১১.০০২.২২-৯৫

তারিখ : ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অধীনে "দেশের ০৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সস (ইনমাস) স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে গত ১৬/০২/২০২৩ খ্রি. তারিখে দৈনিক ইত্তেফাক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The daily Observer পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক সংশোধনক্রমে প্রকৃত বাংলাদেশি নাগরিকগণের নিকট হতে অনলাইনে (https://baec.teletalk.com.bd অথবা https://alljobs.teletalk.com.bd/baec) ওয়েব সাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | ০৪/০৯/২০২৫ খ্রি. তারিখে বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১. | প্রিন্সিপাল মেডিকেল অফিসার<br>৫০০০০-৭১২০০/-(গ্রেড-৪র্থ) | ৪০ বছর বিশেষ ক্ষেত্রে ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০২ (দুই) টি<br>নিউক্লিয়ার মেডিসিন | সংশ্লিষ্ট ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রী (ডিপ্লোমা/এমএসসি/এমফিল) অর্জনের পর কমপক্ষে ০৭(সাত) বছর ও এমডি/পিএইচডি ডিগ্রী অর্জনের পর কমপক্ষে ০৫(পাঁচ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ২. | সিনিয়র মেডিকেল অফিসার<br>৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬ষ্ঠ) | ৩৬ বছর বিশেষ ক্ষেত্রে ৩৮ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০৪ (চার) টি<br>নিউক্লিয়ার মেডিসিন | সংশ্লিষ্ট ক্ষেত্রে স্নাতকোত্তর (ডিপ্লোমা/এমএসসি/এমফিল/এমডি/পিএইচ ডি) ডিগ্রী অর্জনের পর কমপক্ষে ০২(দুই) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা |
| ৩. | সিনিয়র সায়েন্টিফিক অফিসার<br>৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬ষ্ঠ) | ৩৫ বছর বিশেষ ক্ষেত্রে ৩৭ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০৩ (তিন) টি<br>ফিজিক্স/মেডিকেল ফিজিক্স/ এ্যাপ্লাইড ফিজিক্স/বায়োমেডিকেল ফিজিক্স-০২টি<br>কেমিষ্ট্রি-০১ | সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ এমএস/এমফিল ডিগ্রীসহ দুই বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা অথবা এসএসসি হতে পরবর্তী পর্যায়ে কমপক্ষে তিনটি প্রথম শ্রেণী/বিভাগসহ এমএসসি ডিগ্রীসহ এমএসসি পরবর্তী কমপক্ষে ০৪ বছরের গবেষণা কর্মের অভিজ্ঞতা। |
| ৪. | সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার<br>১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) | ৩২ (বত্রিশ) বছর | ০৭ (সাত) টি<br>সিভিল ইঞ্জিনিয়ারিং-০৩<br>ইলেকট্রিক্যাল-০৪ | এসএসসি/এইচএসসি-তে ভাল ফলাফলসহ সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল-এ প্রথম শ্রেণীর ডিপ্লোমা। |
| ৫. | জুনিয়র এক্সপেরিমেন্টাল অফিসার<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ৩২ (বত্রিশ) বছর | ০১(এক) টি | বিএসসিতে প্রথম শ্রেণীসহ এসএসসি ও এইচএসসি-এর যে কোন একটিতে প্রথম বিভাগ ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬. | সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-১<br>১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ৩২ (বত্রিশ) বছর | ০৩(তিন) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)। |
| ৭. | টেকনিশিয়ান-১<br>১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ৩২ (বত্রিশ) বছর | ০২(দুই) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)। |
| ৮. | একাউন্স অ্যাসিস্ট্যান্ট<br>১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ৩২ (বত্রিশ) বছর | ০২(দুই) টি | বাণিজ্যে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৯. | সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-২<br>৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) | ৩২ (বত্রিশ) বছর | ০৫(পাঁচ) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)।<br>অথবা<br>সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০. | টেকনিশিয়ান-২<br>৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) | ৩২ (বত্রিশ) বছর | ০৫(পাঁচ) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)।<br>অথবা<br>সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১. | অফিস অ্যাসিস্টান্ট কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ৩২ (বত্রিশ) বছর | ০৭(সাত) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় টাইপিংয়ে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দের গতি থাকতে হবে। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-**

| | |
|---|---|
| ১. | দরখাস্ত দাখিলের সর্বশেষ তারিখে (২৪/০৯/২০২৫) ক্রমিক নং-০৪ হতে ক্রমিক নং ১১ পর্যন্ত প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। তবে, ক্রমিক নং-০১ হতে ০৩ এর ক্ষেত্রে ০৩-নং কলামে উল্লেখিত বয়সসীমা প্রযোজ্য। বয়সের ক্ষেত্রে কোনো এ্যাফিডেভিট গ্রহণ যোগ্য হবে না। |
| ২. | প্রার্থী বাছাইকালে সরকারের যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। |
| ৩. | সর্বনিম্ন চাহিত ডিগ্রীর ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (অ্যাপিয়ার্ড) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৪. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই, ২০২৪ খ্রি. তারিখের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪১৪১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী মেধা কোটায়, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের কোটা, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর কোটা এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটা সংরক্ষণ করা হবে। উল্লেখ্য, গত ১৬/০২/২০২৩ খ্রি. তারিখে দৈনিক ইত্তেফাক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The daily Observer পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে যারা আবেদন করেছেন তাদের নতুনভাবে আবেদন করার কোন প্রয়োজন নেই। তাঁরা যে যে পদের জন্য আবেদন করেছেন তাঁদের সেই পদের আবেদনকারী হিসেবে বিবেচিত হবেন। |

| | |
|---|---|
| ৫. | সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের পদবী, বেতন স্কেল ও মূল বেতন উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| ৬. | নিয়োগপ্রাপ্ত হলে ঢাকাসহ ঢাকার বাইরে অবস্থিত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের আওতাধীন ৮টি ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সস (ইনমাস)-এ যোগদান বাধ্যতামূলক। |
| ৭. | নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ৮. | কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। |
| ৯. | লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ১০. | উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে। |
| ১১. | পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের website: www.baec.gov.bd-তে পাওয়া যাবে। |
| ১২. | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অধীনে "দেশের ০৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সস (ইনমাস) স্থাপন" শীর্ষক প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সেক্ষেত্রে প্রার্থীদের প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্পে ধারাবাহিকভাবে কর্মরত ছিলেন মর্মে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রত্যয়নপত্র থাকতে হবে। |

**Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলী:-**

ক. আগ্রহী প্রার্থীগণ https://baec.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪/০৯/২০২৫ খ্রি. সকাল-১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৯/২০২৫ খ্রি., বিকাল-০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোনো তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘন পূর্বক কোনো আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টেড কপি (Applicant's Copy) পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষায় সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপি-তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ উপরোক্ত ০১-০৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ০৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১৫০/- (একশত টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮/- (আঠার টাকা) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ০৬-১১ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/-(একশত টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার টাকা) এবং অনগ্রসর নাগরিক-এর জন্য সকল গ্রেডের পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/-(ছাপান্ন টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করতে হবে।

**প্রথম SMS:** BAEC<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BAEC ABCDEF
Reply: Applicant's Name, Tk-667 / 556 / 334 / 223 will be charged as application fee. Your PIN is xxxxx. To pay fee Type BAEC<space>YES<space>PIN and send to 16222।

**দ্বিতীয় SMS:** BAEC<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: BAEC YES 123456789

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BAEC Recruitment Application for XXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXX).
বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. প্রবেশপত্র সংগ্রহের বিষয়টি https://baec.teletalk.com.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে:** BAEC<space>HELP<space>USER<space>User ID লিখে 16222 নম্বরে Send to করতে হবে। Example: BAEC HELP USER ABCDEF

**(ii) PIN Number জানা থাকলে:** BAEC<space>HELP<space>PIN<space>PIN No. লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BAEC HELP PIN 123456789

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল **https://alljobs.teletalk.com.bd/baec** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ওয়েবসাইট (www.baec.gov.bd) জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া alljobs.query@teletalk.com.bd এবং প্রতিষ্ঠানের ই-মেইলে যোগাযোগ করা যাবে। টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject এ Organization Name:"BAEC", Post Name:****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(মোহাম্মদ মিজানুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ও (উপসচিব)
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

স-১৩৬৮ (১৩.৫×৮)